ॐ পাথর ছাড়াই প্রতিকার সম্ভব
জগদম্বা জ্যোতিষ কেন্দ্র
মালদা # 9332056956

জরুরী
# আমার শহর
অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার

১১ / ৫৮৮ aamaarshahor.com

মালদা ২ অগ্রহায়ণ, ১৪৩২ বুধবার, ১৯ নভেম্বর, ২০২৫ ২৩ বর্ষ ১৫তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য

বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

সুদক্ষ ট্রেনার দ্বারা Two / Four Wheeler ড্রাইভিং শেখানো হয়।
City Driving School
The dream come true
SAFE DRIVE SAVE LIFE
+91 7872 68 68 61
Ramkrishna Mission More, Malda.

লাইফ সার্টিফিকেট পান বাড়িতে বসেই
রাজ্য / কেন্দ্রীয় সরকারের পেনশন হোল্ডাররা লাইফ সার্টিফিকেট আপডেট করুন বাড়িতে বসেই। এটি অনলাইন পরিষেবা। ব্যাঙ্কে যাওয়ার প্রয়োজন নেই। পরিষেবা শুল্ক প্রদেয়। আজই নাম নথীভুক্ত করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ 9233 44 45 46

## হিসেব কষে লক্ষ্যপূরণ
# ম্যাথাম্যাটিক্স ম্যাজিকে

উচ্চশিক্ষা হোক বা সরকারি চাকরির প্রতিযোগিতামূলক পরীক্ষা, এমন কিছু বিষয় থাকে, যা আমাদের স্কুল স্তর থেকেই পড়তে হয়। অঙ্ক সেইরকমই একটি সাবজেক্ট। অন্যদিকে, অঙ্ক বা গণিত হলো বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার এক অবিচ্ছেদ্য অংশ।

**যোগ্যতা ঃ** গণিত অনার্স করতে হলে পড়ুয়াকে স্বীকৃত বোর্ড থেকে ১০+২ বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ হতে হবে। উচ্চমাধ্যমিকে গণিত বাধ্যতামূলক বিষয় হিসেবে থাকতে হবে। বেশিরভাগ বিশ্ববিদ্যালয় ৫০ থেকে ৬০ শতাংশ নম্বরকে ন্যূনতম যোগ্যতা হিসেবে বিবেচনা করে। কিছু প্রতিষ্ঠান মেধা তালিকার ভিত্তিতে, আবার কিছু প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ভর্তি নিয়ে থাকে। বিভিন্ন প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার প্রতিযোগিতা অত্যন্ত তীব্র। কিছু প্রতিষ্ঠান নিজস্ব প্রবেশিকা পরীক্ষা নিয়ে থাকে।

**পাঠ্যক্রম ঃ** এই কোর্সে মোট ছয়টি সেমেস্টার থাকে এবং এতে তাত্ত্বিক ও প্রয়োগযোগ্য গণিত শেখানো হয়। যদিও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে সামান্য তারতম্য থাকতে পারে, সাধারণত যে বিষয়গুলি পড়ানো হয় সেগুলি হল ঃ ক্যালকুলাস, বীজগণিত (রৈখিক ও বিমূর্ত), ডিফারেনশিয়াল সমীকরণ, রিয়েল অ্যানালিসিস ও কমপ্লেক্স অ্যানালিসিস, ভেক্টর ক্যালকুলাস ও মাল্টিভেরিয়েবল ক্যালকুলাস, ডিসক্রিট ম্যাথমেটিক্স, সংখ্যাতত্ত্ব (নম্বর থিয়োরি), নিউমেরিক্যাল মেথডস, পরিসংখ্যান ও সম্ভাব্যতা (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোবাবিলিটি), গাণিতিক মডেলিং, টিপোলজি ও গ্রাফ থিওরি (উচ্চতর সেমেস্টার)। অনেক প্রতিষ্ঠান প্রোগ্রামিং ভাষাও শেখায় (যেমন C, Python, MATLAB) যাতে পড়ুয়ারা গাণিতিক মডেল বাস্তবে প্রয়োগ করতে পারে।

### উচ্চশিক্ষার সুযোগ

গণিত অনার্সের পর পড়ুয়ারা বিভিন্ন স্নাতকোত্তর কোর্সে ভর্তি হতে পারেন। যেমন, এমএসসি ইন ম্যাথাম্যাটিক্স বা অ্যাপ্লায়েড ম্যাথাম্যাটিক্স, মাস্টার অফ কম্পিউটার অ্যাপ্লিকেশন (এমসিএ), এমবিএ (বিশেষ করে ফাইনান্স, ডেটা অ্যানালিটিক্স বা অপারেশনস-এ), ইন্টিগ্রেটেড পিএইচডি প্রোগ্রাম। নামী প্রতিষ্ঠানগুলি গবেষণা- মূলক উচ্চশিক্ষার জন্য উপযুক্ত সুযোগ রয়েছে।

### কর্মজীবনের সম্ভাবনা

প্রতিযোগিতামূলক পরীক্ষা সাধারণত পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, ক্রিকোণমিতি, সংখ্যা তত্ত্ব এবং অন্যান্য গাণিতিক ধারণার উপর প্রার্থীদের মূল্যায়ন করে। গণিতে ভালো প্রস্তুতি যে কোনও চাকরির পরীক্ষার সাফল্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

### শিক্ষা এবং গবেষণা

বি.এড উত্তীর্ণ হয়ে স্কুল বা কলেজে শিক্ষকতা, গবেষণা প্রতিষ্ঠানে কাজ।

*(এরপর ২-এর পাতায়)*

আনন্দন শিক্ষা নিকেতন
প্রি-নার্সারী, নার্সারী, কে.জি. ও প্রাথমিক বিদ্যালয় মো ঃ ৯৭৩৫০ ৯৩৪৪২
উত্তর সিঙ্গাতলা (তিতাস ক্লাবের নিকটে), মালদা
ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ ২০২৬
আগামী ২০২৬ শিক্ষাবর্ষে প্রি-নার্সারী (বয়স ২+), নার্সারী (বয়স ৩+) থেকে নবম শ্রেণিতে খালি আসন সংখ্যা অনুসারে
ভর্তির ফর্ম দেওয়া ও ভর্তি নেওয়া চলছে।
সময় ঃ সকাল ১১টা থেকে বেলা ৩টা ( শনিবার ১১টা থেকে ১টা )
( উপরের লিখিত ভর্তির বয়স ১.১.২০২৬-এর ক্ষেত্রে প্রযোজ্য)

## ‘ভাইরাল’ পেশার সন্ধান দেবে
# ডিজিটাল মার্কেটিংয়ে বিবিএ

ডিজিটাল যুগে ব্যবসার সম্প্রসারণ, লেনদেন অনলাইনে স্থানান্তরিত হওয়ায় ডিজিটাল মার্কেটিংয়ে দক্ষ পেশাদারদের চাহিদা বাড়ছে। ব্যাচেলার অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ইন ডিজিটাল মার্কেটিং সে রকমই একটি সম্ভাবনাময় পেশা।

ডিজিটাল মার্কেটিংয়ের মতো আধুনিকতম পেশায় প্রতিষ্ঠা পাওয়ার সুযোগ গড়ে দেয় ডিজিটাল মার্কেটিংয়ে বিবিএ কোর্স। এর মাধ্যমে ছাত্রছাত্রীদের (সার্চ ইঞ্জিন অপ্টিমাইজেশন), সোশ্যাল মিডিয়া মার্কেটিং, কনটেন্ট মার্কেটিং, ই-মেল মার্কেটিং, (পে-পার-ক্লিক) বিজ্ঞাপন-সহ আরও অনেক কিছু শেখানো হয়। এই কোর্স সাধারণত হয় থেকে আটটি সেমেস্টারে বিভক্ত।

### মূল বিষয়বস্তু ঃ

**ম্যানেজমেন্টের নীতি**

**ম্যানেজমেন্টের তত্ত্ব এবং পদ্ধতির মৌলিক বিষয়**

- বিজনেস কমিউনিকেশন
- আর্থিক হিসাব রক্ষণাবেশন

মাইক্রোইকোনমিকস এবং ম্যাক্রোইকোনমিক্স অর্থনৈতিক নীতিগুলি বোঝা এবং ব্যবসায় তার প্রয়োগ।

মার্কেটিং ম্যানেজমেন্ট প্রচলিত বিপণন ধারণা এবং কৌশলের বিশেষ বিষয়সমূহ।

### সার্চ ইঞ্জিন অপ্টিমাইজেশন

সার্চ ইঞ্জিনের জন্য ওয়েবসাইট অপ্টিমাইজেশনের কৌশল কনটেন্ট মার্কেটিং কনটেন্ট কৌশল বিকাশ ও পরিচালনা।

### সোশ্যাল মিডিয়া মার্কেটিং

ফেসবুক, ইনস্টাগ্রাম, টুইটার, লিঙ্কডইনের মতো প্ল্যাটফর্মগুলি ব্যবহার করে মার্কেটিং।

- ই-মেল মার্কেটিং ই-মেল ক্যাম্পেনের মাধ্যমে দর্শকদের আকৃষ্ট করার কৌশল।
- পে-পার ক্লিক বিজ্ঞাপন গুগল এবং ফেসবুকের মতো প্ল্যাটফর্মে পেইড বিজ্ঞাপনের কার্যক্রম।
- ওয়েব বিশ্লেষণ ওয়েব ট্র্যাফিকের ডেটা বিশ্লেষণ করে সঠিক বিপণন সিদ্ধান্ত গ্রহণ।
- ই-কমার্স প্ল্যাটফর্ম এবং মোবাইল মার্কেটিং কৌশল ব্যবহার করে বিক্রয় বড়ানো।
- ডিজিটাল মার্কেটিং সরঞ্জাম।

গুগল অ্যানালিটিক্স-এর মতো সরঞ্জামগুলির হাতে কলমে প্রশিক্ষণ।

- মার্কেটিং গবেষণা এবং ডেমা বিশ্লেষণ বিপণন কৌশলগুলিকে চালিত করতে গবেষণা এবং ডেটা বিশ্লেষণ।

### অতিরিক্ত বিষয় ঃ

- অ্যাফিলিয়েট মার্কেটিং
- ভিডিয়ো মার্কেটিং
- ইনফ্লুয়েন্সার মার্কেটিং
- ডিজিটাল ব্র্যান্ড মানেজমেন্ট
- মার্কেটিং অটোমেশন অতিরিক্ত বিষয়গুলি প্রতিষ্ঠঅন ভেদে ভিন্ন হতে পারে।

### শিক্ষাগত যোগ্যতা ঃ

বিবিএ ইন ডিজিটাল মার্কেটিং কোর্সে ভর্তির জন্য কোনও স্বীকৃত বোর্ড থেকে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর-সহ তাদের ১০+২ সমমানের পরীক্ষা উত্তীর্ণ হতে হবে। কিছু প্রতিষ্ঠানে ভর্তির বাণিজ্য বা গণিতের প্রয়োজন হতে পারে, তবে এটি সর্বদা বাধ্যতামূলক নয়। কিছু কলেজ বিশ্ববিদ্যালয় নিজস্ব অ্যাডমিশন টেস্ট রয়েছে।

### উচ্চতর শিক্ষা ঃ

- **ইন ডিজিটাল মার্কেটিং**

এটি স্নাতকদের জন্য একটি নপ্রিয় পছন্দ। যারা ডিজিটাল মার্কেটিংয়ে আরও বিশেষজ্ঞ হতে চান এবং ব্যবসায়িক ব্যবস্থাপনার গভীর জ্ঞান অর্জন করতে চান, তাদের অবশ্যই এমবিএ পড়া উচিত।

- **পোস্টগ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ডিজিটাল মার্কেটিং ঃ** কোর্সটি শুধুমাত্র উন্নত ডিজিটাল মার্কেটিং কৌশলের উপর ফোকাস করে।
- মাস্টার্স ইন ডেটা অ্যানালিটিক্স বা বিজনেস অ্যানালিটিক্স মাস্টার্স ডিগ্রি পড়তে পারে।
- **সার্টিফিকেশন কোর্স**

পড়ুয়ারা গুগল অ্যাড, গুগল অ্যানালিটিকস মার্কেটিং বা অন্যান্য বিষেষায়িত ডিজিটাল মার্কেটিং সরঞ্জামগুলিতে অল্পমেয়াদী সার্টিফিকেশন কোর্স করতে পারে।

### কেরিয়ারের সম্ভাবনা

- **ডিজিটাল মার্কেটিং ম্যানেজার ঃ**

সোশ্যাল মিডিয়া, SEO এবং পেইড বিজ্ঞাপন কৌশলগুলির অন্তর্ভুক্ত ডিজিটাল মার্কেটিং প্রচারাভিযান পরিচালনা।

- **বিশেষজ্ঞ**

ওয়েবসাইটের কনটেন্ট এবং কাঠামো অপ্টিমাইজ করে সার্চ ইঞ্জিনে র‍্যাঙ্কিং উন্নত করা।

- **সোশাল মিডিয়া ম্যাজোর ঃ**

সোশাল মিডিয়া প্ল্যাটফর্মগুলিতে কোনও প্রতিষ্ঠানের *(এরপর ২-এর পাতায়)*

### দেখছি যেমন আরশিতে

#### আগলে রাখি

মন-কেমনের ব্যালকনিতে
বিকেল-বাতাস সেলফি তোলে,
কথায় কথার চুমুক দিতে
তোর আগামীর খবর ভোলে।
বৃষ্টি ছোঁয়ার মরণপণ–
গল্প শোনাস চাঁদের ঘরে,
মনে অকারণ সারাক্ষণ
এক অরণ্য পাপড়ি ঝরে।

#### অন্তহীন সলিল

তোমার গানে মুখর আজও আকাশ বাতাস,
অঞ্জলি নাও তুমি সুরের মহাতাপস–
হিমালয় থেকে কুমারিকা সলিল-সুবাস,
মেকি আবদারে কোনওদিন করোনি আপস।
কথামেঘে বৃষ্টি এনে সীমাহীন সীমা মেনে,
আগামীর ঠিকানায় সৃজনের মজদুরি–
আনন্দের উৎসবে বিয়োগের অনুভবে
অন্তহীন পথচারী তুমি সলিল চৌধুরী।

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

LITTLE MIRACLES ENGLISH ACADEMY
(PLAY, LEARN, CREATE) ENGLISH MEDIUM (C.B.S.E.)
সহজ পাঠ শিশু মন্দির (W.B.B.P.E.)
(বাংলা মাধ্যম)
Education is “an all-round drawing out of the best in child’s body, mind and spirit.” — Gandhi Ji.
ADMISSION OPEN
YOUR WINGS ALREADY EXIST BE READY TO FLY
OUR PROGRAM INCLUDE
- Joyful learning in creative ways.
- Personality development & grooming.
- Group activities.
- Dance, yoga, music, art, spoken English.
- Loving atmosphere.
PLAY GROUP NURSERY JR. KG. SR. KG
Avirampur Bandh Road, Malda - 732103
Contact : 98300 91703 / 94747 21114 / 82939 89229

# WBCS-এর পার্সোনালিটি টেস্টের প্রস্তুতি হোক নিখুঁত

ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসের গ্রুপ-এ এবং গ্রুপ-বি এর ইন্টারভিউয়ে সাফল্য পেতে হলে পূর্ব পরিকল্পনা, আত্মোপলব্ধি, আত্মবিশ্বাস ও যুক্তির সমন্বয় দরকার।

যাঁরা WBCS এক্সিকিউটিভ হিসেবে, ব্লক ডেভেলপমেন্ট অফিসার বা রাজ্য প্রশাসনের অন্যান্য গুরুত্বপূর্ণ আমলা হিসাবে বা পুলিশের ডিএসপি হিসাবে নিজেকে দেখতে চান তাদের জন্য এটাই মূল্যায়নের অন্তিম পর্যায়। এই শেষ পর্যায়ে সফল হতে হলে পরিকল্পিত প্রস্তুতি, আত্মবিশ্বাস এবং বর্তমান বিষয়গুলির গভীর ধারণা, এই তিনটি দিকেই সমান গুরুত্ব দিতে হবে।

### গুরুত্ব দিন প্রস্তুতিতে

পার্সোনালিটি টেস্টে শুধুমাত্র বইয়ের জ্ঞান নয়, নিজের ব্যক্তিত্ব, উপস্থাপনা, যুক্তি, রাষ্ট্র সম্পর্কে তথা পশ্চিমবঙ্গের বিষয় জ্ঞান যাচাই করা হয়। পার্সোনালিটি টেস্টের জন্য প্রস্তুতি শুরু করুন লিখি পরীক্ষার সঙ্গেই। তবে মুখস্থ উত্তর নয়, বরং যে কোনও টপিক নিয়ে আলোচনায় আত্মবিশ্বাসী ভাবে অংশ নিতে আগ্রহী হোন। অন্তত ২৫-৩০ মিনিট সময় ধরে ইন্টারভিউ চলতে পারে। বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক, প্রশাসনিক ও ব্যক্তিগত প্রশ্ন করা হতে পারে। ইন্টারভিউ বোর্ডের এই পরিবেশকে উপভোগ করুন, অযথা আতঙ্কিত হবেন না। নিজেকে বোঝার চেষ্টা করুন, নিজের শক্তি, দুর্বলতা, মূল্যবোধ, জীবনের লক্ষ্য ইত্যাদি নিয়ে স্পষ্ট ও সংক্ষিপ্ত উত্তর প্রস্তুত রাখুন। প্রতিদিন আন্তর্জাতিক, জাতীয় ও স্থানীয় বিষণগুলি, যেমন MSME, কৃষি, সংস্কৃতি, রাজ্য সরকার, রাজনীতি, সরকারি প্রকল্প ইত্যাদি বিষয়ে বিস্তারিত ও সঠিক খবর রাখুন। ইন্টারভিউ বোর্ডের সদস্যরা বুঝতে চান, আপনি নিজের চিন্তা ও তথ্য কতটা যুক্তিপূর্ণ ভাবে প্রকাশ করেন। কীভাবে ঘটনাপ্রবাহ বিশ্লেষণ করেন। তাই আন্দ্রপনার বক্তব্যে critical thinking ও creativity-র ছাপ রাখতে হবে। ইংরেজি ও বাংলা ভাষার fluency, body language এবং eye contact-এ গুরুত্ব দিন। প্রতিদিন রাজ্য স্তরের এবং জাতীয় স্তরের ঘটনা সম্বর্কে জানুন, যেমন পূর্ববর্তী বাজেট, রাজ্য সরকারের সব প্রকল্প, ডিজাস্টার ম্যানেজমেন্ট ইত্যাদি। নিজের জেলা সম্পর্কে সমস্ত তথ্য খুঁটিয়ে পড়ুন। প্রত্যেক প্রশ্নের উত্তর গঠনমূলক ভাবে শুরু করুন। আগে সংক্ষিপ্ত বিবৃতি, তার পরে যুক্তি, শেষে উদাহরণ ও রেফারেন্স দিন।

### মক ইন্টারভিউ

মক ইন্টারভিউ ও peer group discussion-এ অংশগ্রহণ করুন। যত বেশি সম্ভব Mock interview দিন। নিজের উত্তর রেকর্ড করুন, আত্ম-সমালোচনা করুন। সপ্তাহে অন্তত একটি দিন রিভিশন ও সেল্ফ ইন্ট্রোডাকশন অনুশীলনের জন্য রাখুন। প্রয়োজন মতো দৈনন্দিন রুটিনে বিশ্রাম, পর্যাপ্ত ঘুম, ও সৃজনশীল কাজ রাখুন, যাতে ইন্টারভিউয়ের দিন মন শান্ত এবং আত্মবিশ্বাস শক্তিশালী থাকে।

### খেয়াল রাখুন

ইন্টারভিউয়ের সময় খেয়াল রাখুন যাতে আপনার সুশৃঙ্খল পোশাক, পরিপাটি চেহারা এবং নম্র ব্যবহার নজরে পড়ে। আচরণে সততা, সামাজিক দায়িত্ববোধ ও যৌক্তিক চিন্তা দেখান। ইন্টারভিউয়ে সাফল্য পাওয়ার এগুলি চাবিকাঠি। নিজের সম্বন্ধে বলুন বা কেন সিভিল সার্ভিসে আসতে চান? এই প্রশ্নের উত্তরগুলি বাংলায় ও ইংরেজিতে অনুশীলন করুন। নিয়মিত ভাবে News Analysis, Editorial Summaries -এর মতো দক্ষতাগুলি অনুশীলন করুন। Team Leadership, Civil Management নিয়ে নিজের অভিজ্ঞতাগুলি ইন্টারভিউ বোর্ডের সামনে তুলে ধরুন। নমুনা প্রশ্ন তালিকা তৈরি করুন। নিজের পরিচয়, নিজের শক্তি, নিজের দুর্বলতা, হবি, প্যাশন ইত্যাদি সম্পর্কে উত্তর তৈরি রাখুন। নিজের *(এরপর ২-এর পাতায়)*

## SIR
### ভোটার কার্ড LINK না থাকলে অনলাইন ফর্ম পাবেন না

শুক্রবার মধ্যরাত থেকে অনলাইনে SIR আবেদন নেওয়া শুরু করল নির্বাচন কমিশন। রাজ্যের CEO দপ্তরের ওয়েবসাইটে **(https://ceowestbengal.wb.gov.in/)** অনলাইন এনুমারেশন ফর্ম মিলছে। **কমিশনের অ্যাপ ECINet** গিয়েও কেউ চাইলে ওই ফর্ম পূরণ করতে পারেন। তবে অনলাইনে আবেদনের ক্ষেত্রে **EPIC নম্বরের সঙ্গে মোবাইল নম্বর অথবা ই-মেইল আইডি লিঙ্ক থাকতেই হবে। নইলে SIR ফর্ম পূরণ করা যাবে না। সেখানেই আসবে OTP.**

MMC Malda
ISO 9001 : 2015 & NABH Certified Hospital
সুপার স্পেশালিস্ট বহিঃ বিভাগের ডাক্তারদের তালিকা

| SPECIALIST | DOCTORS NAME | AVAILABILITY |
|---|---|---|
| গ্যাস্ট্রোএন্ট্রোলজিস্ট | ডাঃ নিরাজ আগরওয়ালা এম.ডি, ডি.এম, (গ্যাস্ট্রো) | সোম থেকে শুক্র |
| | ডাঃ আবদুল্লাহ মহম্মদ হাসান এম.ডি (মেডিসিন), ডি.এম (হেপাটোলজি) | প্রতি শনিবার |
| ইউরোলজিস্ট ও সার্জেন | ডাঃ কুন্তল পন্ডিত এম.এস, ডি.এন.বি (ইউরো) | 18.11.2025 |
| | ডাঃ ইসফাক আহমেদ জিলানী এম.এস, এম.আর.সি.এস, ডি.এন.বি | 21.11.2025 |
| নিউরো ফিজিসিয়ান | ডাঃ কৌশিক কর্মকার এম.ডি, ডি.এম পি.ডি.টি (নিউরো) | 23.11.2025 |
| নিউরো সার্জেন | ডাঃ শেখ ইমরান আলি এম.বি.বি.এস, ডি.এন.বি, এম.সি.এইচ. (নিউরো) | 23.11.2025 |
| | ডাঃ অশোক কুমার আচার্য্য এম.এস, এম.সি.এইচ (নিউরো) | প্রতি মঙ্গল ও বুধবার |
| গ্যাস্ট্রো সার্জেন | ডাঃ সন্দীপ ইয়েলেটি ডি এন বি, এফ এম এ এস | 23.11.2025 |
| ইনফার্টিলিটি ক্লিনিক | ডাঃ সুপর্ণা ব্যানার্জী ডি.জি.ও, এম.ডি, এম.আর.সি.ও.জি | 26.11.2025 |
| বিশিষ্ট অনকোলজিস্ট | ডাঃ অনিমেষ সাহা এম.ডি (রেডিয়েশন এবং অনকোলজি) | 12.12.2025 |
| | ডাঃ বিকাশ কুমার আগরওয়াল এম.ডি (রেডিয়েশন এবং অনকোলজি) | 12.12.2025 |
| বিশিষ্ট কার্ডিওলজিস্ট | ডাঃ আশফাক আহমেদ এম.ডি, ডি.এম (কার্ডিওলজি) | 14.12.2025 |
| চক্ষুরোগ বিশেষজ্ঞ ও সার্জেন | ডাঃ আঁচল আগরওয়াল এম.বি.বি.এস, ডি.ও (আর আই ও, কোল) | প্রতিদিন |
| পেডিয়াট্রিক হেমাটোলজিস্ট | ডাঃ স্নেহা আগরওয়ালা এম.ডি. (পি.এ.ই.ডি), এফ.এন.বি | 23.11.2025 |

২৪×৭ নার্সিং হোম পরিষেবা ও ৩৬৫ দিন ডায়াগনস্টিক ও ই.সি.জি
TPA / ক্যাসলেশ ইন্স্যুরেন্স / প্যাকেজের সুবিধা
মালদা মেডিক্যাল সেন্টার প্রাঃ লিঃ
কে. জে. সান্যাল রোড, মকদুমপুর, মালদা - ৭৩২১০৩
8170007650 / 9434052889
Find us www.mmchospitals.com

MMC SKIN INSTITUTE
এমএমসি স্কিন ইন্সটিটিউট
লেজার | স্কিন | হেয়ার | নেল | কসমেটিক
চর্ম, চুল এবং নখের সমস্ত চিকিৎসা
চর্ম, চুল এবং নখের যেকোনো সমস্যার চিকিৎসা, স্কিন বায়োপসি ও সমস্ত পরীক্ষা-নিরীক্ষা আধুনিক মেশিনের সাহায্যে করা হয়।
লেজার চিকিৎসা
হেয়ার রিমুভ্যাল, স্কার রিমুভ্যাল, ট্যাটু রিমুভ্যাল, ট্যান রিমুভ্যাল, তিল, আঁচিল অপসারণ ও সব ধরনের লেজার চিকিৎসা।
স্কিন কেয়ার / থেরাপি
কেমিক্যাল পিল, MNRF (এম.এন.আর.এফ), সোরাইসিস ও একজিমা ক্লিনিক।
হেয়ার ট্রিটমেন্ট
অতিরিক্ত চুল পড়া, অল্প বয়সে মাথায় টাক প্রভৃতি সমস্যার সমাধান, পি.আর.পি ও হেয়ার ট্রান্সপ্ল্যান্টেশন করা হয়।
সার্জারি
স্কিন ও নখের সার্জারি, শ্বেতী চিকিৎসা ও গ্রাফ্ট সার্জারি করা হয়।
আগে পরে
ডাঃ নিশান্ত আগরওয়ালা
এম.ডি (স্কিন), ফেলো মেডেলিস্ট
রুগী দেখছেন - সকাল ১০.৩০ টা থেকে দুপুর ১.৩০ টা (প্রতিদিন) সন্ধ্যা ৬.০০ টা থেকে ৭.৩০ টা (বৃহস্পতি ও রবিবার বাদে)
97499 97231 / 81700 81960 | www.drnishantagarwala.com

বার্থ সার্টিফিকেট
এডুকেশনাল সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পলিসি সার্টিফিকেট
পাসপোর্ট
রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র
এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46
সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

## পাত্র চাই

• মালদা নিবাসী Gen. দাস 34+/5′3′′ M.A., B.Ed., ফর্সা, সুশ্রী, ডিভোর্সী পাত্রীর জন্য উপযুক্ত সুপাত্র চাই। M - 89279 44491. OL-3839

• জেনারেল 36+ M.A., B.Ed. পাত্রীর জন্য 42-এর মধ্যে সরকারী চাকুরে সুপাত্র কাম্য। ফোন - 7679424009. HUF-1743

• চৌধুরী 34/5′2′′ M.A., B.Ed. (Hons.) প্রাইমারী শিক্ষিকা পাত্রীর জন্য সঃ চাঃ স্কুল শিক্ষক পাত্র কাম্য। M - 94347 30035. HUF-1717

• মাহিষ্য 29/5′5′′ M.A. (Eng.), উজ্জ্বল শ্যামবর্ণা পাত্রীর জন্য সঃ চাঃ পাত্র কাম্য। M - 8918062940. OL-3823

• চাঁই মন্ডল 26+/5′ B.A. (Eng.), B.Ed., M.Ed., সুশ্রী, ফর্সা পাত্রীর জন্য উপযুক্ত সুদর্শন পাত্র কাম্য। ঘটক নিষ্প্রয়োজন। যোগাযোগ - 9332605982. OL-3815

• পাত্রী দক্ষিণ দিনাজপুর নিবাসী, কর্মকার 23/5′3′′ ফর্সা, সুশ্রী, MBA, পিতা প্রতিষ্ঠিত স্বর্ণ ব্যবসায়ী। উপযুক্ত ও সুযোগ্য ব্যবসায়ী / সরকারী চাকুরে পাত্র চাই। M - 92396 78099. OTS-1775

• পাত্রী কুলীন কায়স্থ, বয়স 34+/5′2′′ M.A., উঃ শ্যামবর্ণা, বাড়ি মালদা শহরের 1 নং গভঃ কলোনী, পাত্রীর পিতা-মাতা ডিভোর্সী, পাত্রী পিতার কাছে থাকে, পাত্রীর পিতা অবসরপ্রাপ্ত সরকারী কর্মী। এরূপ পাত্রীর জন্য 35 - 45 মধ্যে হিন্দু পাত্র চাই, ডিভোর্সী বা বিপত্নীক চলিবে না, মালদা শহরের পাত্র অগ্রগণ্য। M - 9475656380 (পাত্রীর পিসি)। HUF-1732

**বৈশ্য সাহা 32+/5′5′′**
**M.A., B.Ed.,**
**মুর্শিদাবাদে**
**H.S. স্থায়ী শিক্ষিকা (2025)**
**(পৈতৃক নিবাস মালদা)।**
**একমাত্র কন্যার জন্য**
**উপযুক্ত সঃ চাকুরে অথবা**
**সুপ্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য।**
**অসবর্ণ চলিবে।**
**M - 95475 34931 (মা) /**
**93826 11124 (বাবা)।**
HUF-1751

ইন্দ্রানী পার্লস
শ্রীHari
COSTUME & GOLD PLATED JEWELLERY
Upto 70% MEGA Exchange OFFER
মালদা পার্লস এম্পোরিয়াম
B. S. Road (Nr. Kuttitola More).
94341 89908

## পাত্র চাই

**বৈশ্য, আলাদশী 26/5′5′′**
**M.A. (History), B.Ed.,**
**একমাত্র কন্যা, ঘরোয়া, ফর্সা**
**পাত্রীর জন্য সরকারী চাকুরে /**
**ডাক্তার পাত্র অগ্রগণ্য।**
**M - 94343 23316.**
HUF-1702

## পাত্রী চাই

• মালদা নিবাসী, সিন্‌হা 36+/5′6′′ B.Tech., M.E. (J.U.), সঃ অফিসার পাত্রের ফর্সা, সুন্দরী, শিক্ষিতা, ঘরোয়া / চাকুরে পাত্রী কাম্য। M + W - 7407925297 / 94344 04560. HUF-1755

• কায়স্থ 33+/5′4′′ Math. (H), রাজ্য সরকারে ক্লার্ক (LDC) পদে কর্মরত, একমাত্র সন্তান, পিতা Retd. কেঃ সঃ চাঃ পাত্রের উপযুক্ত পাত্রী চাই। M - 86178 10024. HUF-1781

**বিশ্বাস, নমঃশূদ্র, S.C. 32/5′5′′**
**কেন্দ্রীয় সরকারী চাকুরে (রেল),**
**কমার্শিয়াল ক্লার্ক পাত্রের**
**26-এর মধ্যে উপযুক্ত সুন্দরী,**
**ঘরোয়া পাত্রী কাম্য।**
**অসবর্ণ চলিবে।**
**M - 93827 51846 /**
**99323 13472.**
OL-3837

কায়স্থ, সরকার পরিবার
**35/5′7′′** স্নাতক,
সরকারী আন্ডারটেকিং সংস্থায়
ম্যানেজার পদে কর্মরত পাত্রের
জন্য ভদ্র ও মার্জিত পরিবারের
শিক্ষিতা, ঘরোয়া পাত্রী কাম্য।
অসবর্ণ চলিবে।
**M - 98327 89682.**
OL-3838

রাজ্য সরকারের
**Retd.** শিক্ষক-শিক্ষিকার
একমাত্র পুত্র কুম্ভকার **34/5′7′′**
**B.Tech., MBA (Finance),**
ডেপুটি ম্যানেজার
**(ESAF Bank),** স্থায়ী পদে
কোলকাতায় কর্মরত পাত্রের জন্য
ফর্সা, সুশ্রী, শিক্ষিতা,
**25** উর্দ্ধে পাত্রী কাম্য।
অসবর্ণ চলিবে।
**M - 78108 23109,**
মালদা নিবাসী কলিতে কর্মরতা
হলেও চলিবে।
HUF-1738

## পাত্রী চাই

• তিলি 30+/5′7′′ বি.টেক., ব্যবসায়ী পাত্রের জন্য সুপাত্রী চাই। কর্মরতা অগ্রগণ্য। M - 9474343839. HUF-1756

• বেসরকারী সংস্থায় কর্মরত একমাত্র ছেলে বয়স 31, B.Tech. Civil, মালদার বাসিন্দা। ব্রাহ্মণ, ফর্সা, সুন্দরী, শিক্ষিতা পাত্রী চাই। ফোন - 9832884905. OTS-1762

• মাহিষ্য, মালদা নিবাসী 30+/5′11′′ ইউরোপে গবেষণারত (একমাত্র পুত্র)। সঃ / অসবর্ণ, উচ্চ শিক্ষিতা পাত্রী চাই। M - 87100 55261. HUF-1728

**মালদা নিবাসী কায়স্থ**
**33/5′5′′ ব্যবসায়ী**
**(Construction Firm)**
**পাত্রের জন্য**
**শিক্ষিতা, ঘরোয়া সুপাত্রী চাই।**
**M - 75011 02156.**
OL-3844

**W.B. বৈষ্ণব, মালদা, গাজোল**
**নিবাসী, দেবগণ 35/5′6′′ M.A.,**
**Govt. প্রাইমারি শিক্ষক পাত্রের**
**26 - 30** মধ্যে উপযুক্ত
সুশ্রী পাত্রী কাম্য।
**M - 98324 77945.**
OL-3836

জরুরী গাইড
সার্কুলেশন আনলিমিটেড
বিনামূল্যে বিতরণ কেন্দ্র
অনলাইনে পড়ুন - aamaarshahor.com
❖ রথবাড়ী (অডিটোরিয়াম), নিউ মডেল বুক ডিপো - 98514 87741 ❖ কবি সুকান্ত মোড়, রূপা ব্যান্ড বক্স - 99324 81754 ❖ এন.বি.এস.টি.সি. ডিপো সংলগ্ন, চক্রবর্তী পেপার সাপ্লায়ার - 99339 93660 ❖ রাজ হোটেল মোড়, মডেল বুক ডিপো - 94342 31832 ❖ অতুল মার্কেট, মা তারা ম্যাগাজিন - 77979 19580 ❖ রামকৃষ্ণপল্লী, এসবিআই-এর কাছে, সাইবার ফিভার - 89263 09911 ❖ ফুলবাড়ি, এম. কে. রোড, স্মার্ট নেট - 94346 81146 ❖ মকদুমপুর, রথঘর-এর বিপরীতে, মাস মিডিয়া - 9732155526 ❖ আইহো বাস স্ট্যান্ড, গীতা পুস্তকালয় - 94744 75342.

## বিক্রয়

**For Sale ₹ 5500/ Sq.ft. 4-Story Building**
**(Engineer owned and constructed)**
**located Prime Area in Malda**
**1 No. Govt. Colony, near Anek Sangha Park on main road.**
Land area **2250 sq.ft.** Built-up. Area Approx
**10000 Sq.ft.** Approved **Plan 2013**.
**Features :** Lift, Garage, Quality building materials used Well-finished and furnished each room equipped with AC, TV, Geyser, Furniture, Cupboards, Fan and Light.
Interested buyers may contact, WhatsApp : **91633 07902** and E-mail : **sksahaddpark@gmail.com**

দক্ষিণ সিঙ্গাতলায় বাড়ি সহ দেড় কাঠা জায়গা বিক্রয়। প্রবেশ পথের কিছু অংশ 5′ চওড়া।
**M - 70296 86596.**
HUF-1778

সিঙ্গাতলা গ্লো নার্সিং হোমের পাশে
নতুন ফ্ল্যাট
"শশী কিরণ নিকেতন"
**3rd Floor (770 sq.ft.)**
শীঘ্র বিক্রয়।
**M - 95471 61665.**
HUF-1774

## পুরনো / ব্যবহৃত সম্পত্তি বেচুন

পুরনো জিনিস বা যে কোন অস্থাবর সম্পত্তি বিক্রি করতে চাইলে জরুরী গাইডে বিজ্ঞাপন দিন সর্বাধিক **50** টি অক্ষর মাত্র **100** টাকার বিনিময়ে। সাথে **khonj.live** ওয়েবসাইটে বিনামূল্যে **30** দিনের জন্য পোস্ট করুন।
**WApp - 9233 44 45 46.**

## বিক্রয়

• 2.25 কাঠা জমির ওপর দোতলা বাড়ি বিক্রয়। বিনয় সরকার রোড, চুরিপট্টি, মালদা। (ল্যান্ডমার্ক - বিনয় সরকার মূর্তির উল্টো দিকের গলি)। M - 9883589728. OL-3843

রামকৃষ্ণপল্লী পল্লীশ্রী মাঠের কাছে
**নতুন 2 BHK Flat 900 sq.ft.**
সেল করা হবে।
**M - 99322 69879.**
HUF-1705

## ফ্ল্যাট বুকিং চলছে

**অভিরামপুর 2nd লেন,** বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায়
**"HINDOL" Apartment**-এ
মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে
**B+G+6 Multi Storied Residential Building**-এ
**2 BHK 750 - 850** স্কোয়ারফিট,
**3 BHK 1050 - 1150** স্কোয়ারফিট,
**4 BHK 1700 - 2000** স্কোয়ারফিট
ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে।
সত্বর যোগাযোগ করুন।
**Car Parking Available in Basement.**
**WBRERA Approved.**
RERA Registration No. - **WBRERA/P/MAL/2025/002401.**
Website : **www.rera.wb.gov.in**
Mobile No. **97341 02876 / 96478 01310**

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।
— **সম্পাদক / প্রকাশক।**

## ক্রয়

• মালদা শহরে উপযুক্ত পরিবেশে বাড়ি করার উপযোগী দেড় থেকে দুই কাঠা বাস্তু জমি কিনতে ইচ্ছুক। প্রকৃত বিক্রেতারা যোগাযোগ করুন। দালাল নিষ্প্রয়োজন। মোবাইল নম্বর - 8240625493. OL-3833

হবিবপুর / বামনগোলাতে
কাঁচা / মোরাম রাস্তার পাড়ে
চাষযোগ্য জমি
কিনতে চাই।
মালিক যোগাযোগ করুন।
**M - 86704 32226.**
OL-3814

## টিউশন / কোচিং

• বেসিক লেভেল থেকে ইংরেজী শেখানো হয় গ্রামার ও ট্রান্সলেশন সহ। ক্লাস - I to VII. 10 বছরের অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষিকা। M - 9064833060. HUF-1744

## ভাড়া / লীজ

• মালদা N. S. Rd. গঙ্গাবাগে ফুল ফার্নিশড 1 BHK ফ্ল্যাট (G.Fl.) A.C., গিজার, Gas সহ ভাড়া দেওয়া হবে। মাসিক 6,900/-, M - 9434219397. OL-3841

• দক্ষিণ সিঙ্গাতলায় দোতলা সেপারেট বাড়ি (3 BHK) ভাড়া দেওয়া হবে। Ph. - 80165 25381. OL-3800

**Women's College Road,**
**Malda Girl's School**-এর
পাশে **Ground Floor**
**&**
**1st Floor**
**2 Bedroom**
**with**
**Dining, Kitchen**
**&**
**Bath**
**Each Floor**
ভাড়া দিব।
**Bank / Govt. Service.**
**M - 94235 77424.**
OL-3806

## জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)
**তাপস কুমার ব্যানার্জী**
**M.A.R.P. (Kol)**
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
**Mobile : 98320 78468 / 92326 71649**

## প্রস্তুতি হোক নিখুঁত

*(প্রথম পাতার পর)*

জেলা ও রাজ্যের প্রধান প্রধান সমস্যা ও সম্ভাব্য সমাধান, সাম্প্রতিক আর্থ-সামাজিক উন্নয়ন, সরকারি প্রকল্পগুলির রূপায়ণ ইত্যাদি ক্ষেত্রগুলি নিয়ে গভীর ভাবে পড়াশোনা করুন।

**মনে রাখবেন**

ইন্টারভিউয়ের প্রশ্ন করা হলে প্রশ্নটি 'Discuss' না 'Analysis' না 'Critically Evaluate' করতে হবে সেটা আগে ভালো করে বুঝুন এবং তার পর উত্তর দিন। সংক্ষিপ্ত ও মূল বিষয়ভিত্তিক উত্তর দিন। অপ্রাসঙ্গিক তথ্য দেবেন না। Jargon বা কঠিন ভাষা পরিহার করুন। অবশ্যই নম্রতা বজায় রেখে আত্ম-বিশ্বাসের সঙ্গে উত্তর দিন। বোর্ডের সদস্যদের মধ্যে শুধু একজনের দিকে তাকিয়েই উত্তর দেবেন না।

গোটা ইন্টারভিউ পর্বে প্রশ্ন কর্তা সহ বাকি সবার দিকে তাকিয়েই কথাঅ বলবেন। সঠিক তথ্য দিন। সাম্প্রতিক উদাহরণ ও ব্যক্তিগত অভিজ্ঞতা থাকলে তা উল্লেখ করুন। নিরন্তর অনুশীলন, সময়ের সঠিক ব্যবহার, ছোট ছোট ভুল শুধরে নেওয়ার অভ্যাস-সব মিলিয়ে পশ্চিমবঙ্গের প্রশাসনে গুরুত্বপূর্ণ পদে যোগদান করার লক্ষ্য পূরণে মনোনিবেশ করুন।

## কর্মখালি

**SIGNATURE INT.-এ**
10th + M / F চাই। সাক্ষাৎ (শনি, রবি, সোম) 11 টা - 2 টা। 3 No. Govt. Colony, near B.R.D.C., Malda - 9635761667. OL-3842

• মালদা শহরে Transport Company-তে কাজের ছেলে প্রয়োজন (Computer জানা আবশ্যক), Motorcycle চালানোর জন্য D.L. থাকলে তাকে প্রাধান্য দেওয়া হবে। M - 9732704444. HUF-1762

মালদায় কাপড়ের দোকানে
কাজের জন্য আগ্রহী ছেলে চাই।
বেতন আলোচনা সাপেক্ষ।
**M - 85979 39069.**
OL-3840

দেশবন্ধু চিত্তরঞ্জন মার্কেটে
ভৌমিক সুটিং-সার্টিং-এ
**2** জন মহিলা কর্মী প্রয়োজন।
মাধ্যমিক পাস (বয়স ঃ **20 - 30**)
মধ্যে যোগাযোগ করুন -
**94340 55569.**
HUF-1773

**Milki G. D. Academy**
**Milki, English Bazar.**
**(বাংলা মাধ্যম)**
**পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি**
**শিক্ষক চাই / Teacher Wanted**
*আমাদের বিদ্যালয়ে নিম্নলিখিত বিষয়গুলির জন্য যোগ্য ও উদ্যমী শিক্ষক / শিক্ষিকা নিয়োগ করা হবে —*
**Subject / বিষয়সমূহ ঃ-**
❖ বাংলা (Bengali)
❖ ইংরেজী (English)
❖ গণিত (Mathematics)
❖ ভৌতবিজ্ঞান (Physical Science)
❖ জীবন বিজ্ঞান (Life Science)
❖ ইতিহাস (History)
❖ ভূগোল (Geography)
❖ শরীর শিক্ষা (Physical Education)
এবং হোস্টেল সুপার 2 জন।
আবেদনের শেষ তারিখ ঃ ১২ ডিসেম্বর, ২০২৫
*আগ্রহী প্রার্থীরা নিজেদের CV (বায়োডাটা) পাঠাতে পারেন নিচের নম্বরে —*
**9434211162 / 9734911628**
**Salary Negotiable**
*Milki G. D. Academy – Where Education Meets Excellence!*

## ম্যাথাম্যাটিক্স

*(প্রথম পাতার পর)*

**ব্যাঙ্ক ও ফাইনান্স**

ঝুঁকি বিশ্লেষণ, ইনভেস্টমেন্ট ব্যাঙ্কিং, অ্যাকচুয়ারিয়াল সায়েন্স, কোয়ান্ট ফাইনান্স ইত্যাদি ধারাবাহিক অনুশীলনই অঙ্কে সাফল্যের চাবিকাঠি। সাবজেক্টের পড়া হোক বা চাকরির পরীক্ষা, উচ্চশিক্ষা হোক বা প্রতিযোগিতামূলক পরীক্ষা সাফল্যের সিঁড়িতে উঠতে গেলে দরকার অঙ্কের কঠোর ও নিয়মিত অনুশীলন। তবেই অঙ্কে আসবে সাফল্য।

**গণিত ও কৃত্রিম বুদ্ধিমত্তা**

কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ও মেশিন লার্নিংয়ের (ML) মূলভিত্তি হল গণিত। অ্যালজেবরা থেকে ক্যালকুলাস, গণিতই যন্ত্রকে প্যাটার্ন চিনতে, ভবিষ্যদ্বাণী করতে ও জটিল সমস্যার সমাধান করতে সাহায্য করে। অ্যালগরিদম, যা এআই-এর হৃদয়, তা পরিসংখ্যান, সম্ভাবনা ও লিনিয়ার অ্যালজেবরার উপর নির্ভরশীল।

গাণিতিক মডেলের মাধ্যমে এআই ডেটা থেকে শেখে, সিদ্ধান্তে গতি আনে এবং স্বাস্থ্য, অর্থনীতি ও রোবোটিক্সের মতো ক্ষেত্রকে নতুন উচ্চতায় নিয়ে যায়। এআই যত উন্নত হচ্ছে, ততই গণিতের গুরুত্ব বাড়ছে, প্রমাণ করে দিচ্ছে, প্রতিটি বুদ্ধিমান যন্ত্রের পেছনে রয়েছে অঙ্কের অসাধারণ সব ফর্মূলা।

## 'ভাইরাল'

*(প্রথম পাতার পর)*

পণ্য বা পরিষেবা প্রচার করা।

✪ **কনটেন্ট স্ট্র্যাটেজিস**

মার্কেটিংয়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কনটেন্ট কৌশল তৈরিস। ব্র্যান্ডের জ্য কন্টেন্ট তৈরি ও পরিচালনা করা।

✪ **PPC বিশেষজ্ঞ ঃ** গুগল, ফেসবুক এবং অন্যান্য প্ল্যাটফর্মে পেইড বিজ্ঞাপন বা পে-পার ক্লিক PPC বিজ্ঞাপন প্রচারাভিযান পরিচালনা।

✪ ওয়েব বিশ্লেষক ওয়েব ট্র্যাফিক ডেটা বিশ্লেষণ করে বিপণন কৌশলগুলি উন্নত করে বিপণন মৌশলগুলি উন্নত করার জন্য অন্তর্দৃষ্টি প্রদান।

✪ ই-মেল মার্কেটিং বিশেষজ্ঞ নিয়োগ করা হত ই-কমার্স। আইটি এবং সফট্ওয়্যার কোম্পানি বিজ্ঞাপন সংস্থা-গুলি, মিডিয়া হাউজ, স্ট্যার্টআপ এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ।

✪ ক্রিয়েটিভ ম্যানেজার সৃজনশীল বিপণন কার্যক্রমের তত্ত্বাবধান করা।

**জরুরী গাইড-এ**
**বাড়িতে বসে**
**শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন দিন**
**WhatsApp**
**977 54 54 577**

পরবর্তী
জরুরী গাইড সার্কুলেশন আনলিমিটেড
**বিতরিত হবে**
**4 ডিসেম্বর, 2025,**
**বৃহস্পতিবার।**
**বিজ্ঞাপন জমা দেওয়ার**
**শেষ তারিখ**
**27 নভেম্বর, 2025,**
**বৃহস্পতিবার,**
**সন্ধ্যা 7 টার মধ্যে।**

গ্রামের
**শিক্ষিতা ও নম্র**
**পাত্রী চাই?**
নাকি
**শহরের**
**স্মার্ট ও ভালো রোজগেরে**
**পাত্র চাই?**
**ন্যূনতম 300 টাকায়**
**গাইডে বিজ্ঞাপন দিন।**
**ফোন - 9233 44 45 46**

## পেনশন হোল্ডারদের প্রতি

প্রতি বছর নভেম্বর মাসে যারা পেনশন হোল্ডার তাদের বেঁচে থাকার প্রমাণ ব্যাঙ্কে জমা করতে হয়। ইদানিং অনলাইনে এই লাইফ সার্টিফিকেট আপডেট করার প্রচলন হয়েছে। এই পদ্ধতিতে অনেক দ্রুত ও নিখুঁতভাবে আবেদন করা যায়। পেনশন হোল্ডার চাইলে নিজ বাড়িতে বসেই এই আবেদন করতে পারেন। আবেদন করার সময় আধার কার্ড নম্বর, পিপিও নম্বর, নিজস্ব মোবাইল নম্বর, পেনশন সংক্রান্ত অ্যাকাউন্ট নম্বর প্রয়োজন হয়। ব্যক্তিগতভাবে উদ্যমী কিছু যুবক ন্যূনতম পরিষেবা মূল্যের বিনিময়ে এই ধরণের পরিষেবা বাড়িতে গিয়ে দিয়ে থাকেন। যাদের বয়সজনিত কারণে হাঁটা-চলা করতে সমস্যা হয়, এমনকি বায়োমেট্রিক মেশিনে আঙুলের ছাপ শনাক্ত হতে চায় না — সেই সমস্ত ক্ষেত্রে বিশেষ অ্যাপ্লিকেশনের মাধ্যমে বাড়িতে গিয়ে চোখের মণির ছবি স্ক্যানের মাধ্যমে এই পরিষেবা কেউ কেউ দিয়ে থাকেন। ভীড় এড়াতে পেনশন হোল্ডারের নাম, ঠিকানা ও যোগাযোগের নম্বর **SMS / WApp** করে আগাম নাম নথিভূক্ত করে রাখুন।

প্রয়োজনে কথা বলুন —
**M - 9233 44 45 46**

## বিবাহযোগ্য পাত্র-পাত্রীর অভিভাবকের কাছে আবেদন —

আপনাদের বিবাহযোগ্য ছেলে-মেয়েদের তথ্য (পূর্ণাঙ্গ প্রোফাইল) জনপ্রিয় ওয়েবসাইট **www.khonj.live**-এ বিনামূল্যে আপলোড করে রাখুন। এতে আপনাদের অতিরিক্ত খোঁজখবর পেতে সুবিধা হবে। শুধু তাই নয়, প্রোফাইলের লিঙ্ক যে কাউকে এমনকি সোস্যাল মিডিয়াতেও শেয়ার করতে পারবেন। এই পরিষেবায় প্রতিমাসে শতাধিক পরিবার উপকৃত ও সন্তুষ্ট। নিচের তথ্যগুলি যতটা সম্ভব পূরণ করে পাঠান। যতো বেশী তথ্য দিতে পারবেন, ততো বেশী রেসপন্স পাবেন।

**ব্যক্তিগত তথ্য**

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* –
লিঙ্গ (পুরুষ / মহিলা) –
হোয়াটসঅ্যাপ বা কলিং নম্বর* –
ই-মেইল আইডি –
জন্মতারিখ (DOB) –
শিক্ষাগত যোগ্যতা –
উচ্চতা –
ব্লাড গ্রুপ –
রাশি –
মাঙ্গলিক / অমাঙ্গলিক –
জাতি –
গোত্র –
ধর্ম –
ওজন –
অন্যান্য যোগ্যতা –
বর্তমানে বৈবাহিক স্থিতি –
অবিবাহিত / ডিভোর্সী / বিপত্নীক / বিধবা / ডিভোর্সের জন্য অপেক্ষারত –
(যে কোন একটি অপশন বাছুন)
ঠিকানা (বাসস্থান) –
চেহারার সংক্ষিপ্ত বিবরণ –
শখ –
খাদ্যাভাস –
(আমিষাশী / নিরামিষাশী) –
পিতা-মাতার কততম সন্তান
(প্রথম / দ্বিতীয় / তৃতীয়) – একমাত্র
সাম্প্রতিক ছবি (ন্যূনতম
১ টি / সর্বাধিক ৩ টি) পাঠান –

**পেশাগত তথ্য**

কর্মস্থল (ঠিকানা) –
আয়ের উৎস –
(চাকুরী (স্থায়ী / চুক্তিবদ্ধ) / ব্যবসা / প্রফেশনাল / স্থায়ী সম্পত্তি বা আমানত / ঘরোয়া / অন্য কিছু)
পদ –
বার্ষিক আয় –
শিক্ষাগত / কারিগরী যোগ্যতা –
পিতামাতা / পরিবার সংক্রান্ত
সংক্ষিপ্ত বিবরণ –
অন্যান্য বিষয়ে মন্তব্য
(যদি জানাতে চান) –
কেমন পাত্র বা পাত্রী খুঁজছেন
তা সংক্ষেপে লিখুন –

(পাত্র / পাত্রীর নাম, বাসস্থানের ঠিকানা, ছবি বা (স্টার) চিহ্নিত প্রশ্নের তথ্য যদি প্রকাশ করতে না চান সেক্ষেত্রে জানাতে হবে।

তবে তথ্যগুলি আমাদের রেকর্ডের জন্য অবশ্যই পাঠাতে হবে।

প্রত্যেক আবেদনের সাথে ফটো আইডি (যেমন - আধার, প্যান / পাসপোর্ট / ভোটার কার্ড) ও ন্যূনতম এক কপি ছবি পাঠানো বাধ্যতামূলক। স্ব-অভিভাবক পাত্র / পাত্রীরাও আবেদন করতে পারেন।

Only WhatsApp to **9233 44 45 46**
**(11 A.M. to 7 P.M., except holiday).**
**Visit : khonj.live**

স্বত্ত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। **M :** 977 5454 577

Guide - [ 588 ]_Jaruree Guide 15-11-2025 22:06 Page 3



## ৪০-র পর কিছুই মনে রাখতে পারছেন না?

# মস্তিষ্কের ধার বাড়ান

## দৈনন্দিন এই ৫ অভ্যাস রপ্ত করে

৪০-র পর আপনার মস্তিষ্ক তীক্ষ্ণ রাখতে প্রতিদিন মাত্রা পাঁচটি সহজ অভ্যাসই যথেষ্ট হতে পারে। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে মস্তিস্কে স্বাভাবিক ভাবে পরিবর্তন ঘটে। এর ফলে স্মৃতিশক্তি, মনোযোগ ও চিন্তাশক্তি প্রভাবিত হতে পারে। তবে নিয়মিত কিছু স্বাস্থ্যকর অভ্যাস মেনে চললে এই ঘাটতি ধীর গতিতে আসতে পারে।

আবার মস্তিস্কের সামগ্রিক স্বাস্থ্যের উন্নতিও হয়।

**নিয়মিত ব্যায়াম করুন**

দৈনন্দিন হাঁটা-দৌড়ানো মস্তিস্কে রক্ত সঞ্চালন বাড়ায় এবং নতুন স্নায়ু কোষ বা নিউরোনের গঠনকে উৎসাহ দেয়। মাত্র ৩০ মিনিট দ্রুত হাঁটাহাঁটি করলে আপনার মেজাজ ও স্মৃতিশক্তি উন্নত হতে পারে। এমন ব্যায়াম মস্তিস্কে ব্রেইন ডিরাইভড নিউরোট্রফিক ফ্যাক্টর বা বিডিএনএফ নামক প্রোটিনের ক্ষরণ বাড়ায়, যা শেখা ও স্মৃতিতে সহায়তা করে। তাই দৈনন্দিন রুটিনে শরীরচর্চাকে জায়গা করে দিতে হবে।

**ডায়েটেও নজর ফেরান**

ওমেগা-৩, অ্যান্টিঅক্সিডেন্ট এবং বিভিন্ন ভিটামিন সমৃদ্ধ খাবার মস্তিস্কের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। যেমন ফ্যাটি মাছ, আখরোট, ব্লুবেরি, সবুজ শাক-সবজি জাতীয় খাবার অক্সিডেটিভ স্ট্রেস ও প্রদাহ কমায়। এর ফলে স্মৃতিভ্রংশ ও অন্যান্য মনস্তাত্ত্বিক সমস্যার ঝুঁকিও কমে। উচ্চ ওমেগা-৩ মাত্রা মস্তিস্কের আকার ও কার্যক্ষমতায় ইতিবাচক প্রভাব ফেলে। তাই ৪০-এ ব্রেনকে বুলেটের গতিতে ছোটাতে হলে এ সব খাবারে ভরসা রাখতে হবে।

**প্রতিদিন মস্তিস্ককে চ্যালেঞ্জ দিন**

মস্তিস্ককে সক্রিয় রাখলে তার স্থিতিস্থাপকতা বজায় থাকে। ধাঁধা সমাধান করা, নতুন কিছু শেখা, পড়া-লেখা-এগুলো স্নায়ু সংযোগগুলেকে শক্তিশালী করে তোলে। উদাহরস্বরূপ যাঁরা নতুন হবি বা দক্ষতা গড়ে তোলেন- যেমন ফটোগ্রাফি বা কোনও যন্ত্র বাজাক্ষে না- তাঁদের দীর্ঘমেয়াদি স্মৃতিশক্তি ও মানসিক সক্ষমতা উন্নত হয়।

**প্রতিদিন ৭-৮ ঘন্টা ঘুমোন**

মস্তিস্কে ধার বাড়ানোর জন্য রোজ গুণগতমানসম্পন্ন ঘুমও দরকার। তাতে মস্তিস্ক থেকে টক্সিন বের হয়ে যায়। অপর্যাপ্ত ঘুম দীর্ঘমেয়ানে অ্যালজে-ইমার্সের ঝুঁকি বাড়তে পারে। সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা কমাতে পারে। ঘুমের নন-রেম পর্যায়ে বিশেষ ভাবে স্মৃতিচারণ ঘটে। তাই রোগ ৭-৮ ঘন্টার গভীর ঘুম স্মৃতিশক্তি সহ মস্তিস্কের অন্যান্য কার্যক্ষমতাকে উন্নত করে।

**সামাজিক সম্পর্ক রাখুন, বিচ্ছিন্নতা এড়ান**

অর্থবহ সামাজিক যোগাযোগ মানসিক ও আবেগগত স্বাস্থ্য ভালো রাখে। পরিবারবর্গ বা কমিউনিটি গ্রুপের সঙ্গে যুক্ত থাকার ফলে মানসিক চাপ ও মস্তিস্ক সুস্থ থাকে। সামাজিক বিচ্ছিন্নতা অনেক সময় স্মৃতিভ্রংশ বা ডিমেনশিয়ার ঝুঁকি বাড়ায়।

## কত অজানারে

✤ ব্রিটেনের আবহাওয়াবিদরা প্রচুর গবেষণা করে রায় দিয়েছিলেন ১৯৫০ সালের ২ জুন সে বছরের রৌদ্রোজ্জ্বল সহ শ্রেষ্ঠতম দিন হবে। ওই রায়ের ভিত্তিতেই ঠিক হয় রানি দ্বিতীয় এলিজাবেথের রাজ্যাভিষেক হবে ওই দিনেই। দেখা যায়, দিনটির দুপুর থেকেই শুরু হয়েছিল বৃষ্টি।

✤ শাস্ত্রী নয়, তাঁর আসল নাম ছিল লাল বাহাদুর শ্রীবাস্তব। ২১ বছর বয়সে, ১৯২৫ সালে বারাণসীর কাশী বিদ্যাপীঠ থেকে দর্শন ও নীতিশাস্ত্রে প্রথম শ্রেণীতে ডিগ্রি লাভ করার পর তিনি "শাস্ত্রী" উপাধি লাভ করেন। তখন থেকেই তাঁর নাম হয় লাল বাহাদুর শাস্ত্রী।

✤ পাঞ্জাবীদের কুর্তা অনেকটা ঢোলা কামিজের মতো। পাঞ্জাবি কুর্তা কালক্রমে শুধু "পাঞ্জাবী" হয়ে গেছে।

✤ মার্কিন যুক্তরাষ্ট্রের কুখ্যাত মাফিয়া আল ক্যাপোনের ভিজিটিং কার্ডে লেখা থাকত, তিনি একজন আসবাব বিক্রেতা।

✤ মিজারু মিকাজারু আর মাজারু তিন জ্ঞানী বাঁদরের নাম। মিজারু খারাপ জিনিস দেখে না, মিকাজারু খারাপ কথা শোনে না আর মাজারু খারাপ কথা বলে না।

✤ কোলকাতায় বৃষ্টিপাতের রেকর্ড তৈরি হয়েছিল ১৯৮৪ সালের জুন মাসে। বৃষ্টির পরিমাণ ছিল ৩৮৩.০ মিলিমিটার।

✤ গত কয়েক দিনের মতো ১৯২৬, ১৯৪৬, ১৯৫৬, ১৯৫৯, ১৯৭০, ১৯৭৮ ও ১৯৮৪ সালেও কখনও না কখনও বৃষ্টিতে কোলকাতার জনজীবন প্রায় অচল হয়ে গিয়েছিল।

✤ আম ভারতের ফল। আমের গুণাগুণ ভারতের বাইরে প্রথম প্রচার করেছিলেন চীনা পরিব্রাজক হিউয়েন সাঙ। ৬৩০ সালে তিনি ভারতে এসে কাটিয়েছিলেন ১৩ বছর। তিনি "আন-মো-লো" ভ্রমণবৃত্তান্তে আমগাছ ও আম সংক্রান্ত বিবরণ লিপিবদ্ধ করেছিলেন।

✤ কর্মীদের দ্বারা একটি বিমান জল দিয়ে ধুতে সময় লাগে ১২ ঘন্টা। কিন্তু নতুন বৈজ্ঞানিক আবিষ্কার "রোবোটিক" হাত, যার নাম "স্কাই ওয়াশ", ওই একই কাজ করতে সময় নেয় তিন ঘন্টা।

✤ ভারতের ১ কোটি ৪০ লক্ষ একরের মত জমিতে আমবাগান রয়েছে বলে কৃষিবিদদের ধারণা, মোটামুটি ভাবে ভারতের সর্বত্রই আম গাছ রয়েছে, তার সবচেয়ে বেশি আছে উত্তর প্রদেশের সাহারানপুর ও মালিহাবাদ অঞ্চলে।

✤ ইংল্যান্ডের এক গৃহবধূ যোসেফাইন ডিকশন রান্না করার সময় প্রায়ই নিজের হাতের আঙুল হয় কেটে ফেলতেন বা পুড়িয়ে ফেলতেন। সবসময় তাঁর স্বামী ও বাড়িতে থাকতেন না। তিনি নিজেই তুলোয় ওষুধ লাগিয়ে চৌকো করে কেটে তার ওপর আঠা লাগিয়ে এক টুকরো ক্রিনোলিন বা লিলেন কাপড়ের ব্যান্ডেজ আটকে হাতের কাছে রাখতেন। দরকার মতো নিজেই লাগিয়ে নিতেন। অ্যাডেসিভ ব্যান্ডেজের তিনিই আবিষ্কারক। সময় ১৯২০ সাল।

✤ প্রতিমা মানে শুধু দেবতার মূর্তি নয়, দেবতা, মানুষ অথবা পশু যে-কোনও মূর্তবস্তু অর্থাৎ শরীর ধারণ করে এমন বস্তুর কৃত্রিম প্রতিবিম্বকেই প্রতিমা বলা হয়। দেবতার মূর্তিকে বলা যেতে পারে "অর্চা"। অর্চনা বা পুজো করা যায়, এমন প্রতিমাকে "অর্চা" বলা হয়।

DEL শিল্পশাস্ত্রে বিভিন্ন দেবতার মূর্তির ক্ষেত্রে বিভিন্ন মাপের উল্লেখ পাওয়া যায়। সেই সময় মূর্তির পরিমাপে "তাল" একক ব্যবহার করা হত। সপ্ততাল, নবতাল, দশতাল, দ্বাদশতাল প্রভৃতি বিভিন্ন মাপে ভিন্ন দেবতার মূর্তি নির্দিষ্ট করা ছিল। এক "তাল" হাতের বিঘত মাপের সমান।

DEL মহালয়ার দিন প্রত্যুষে বেতারে "মহিষাসুরমর্দিনী" গীতি-আলেখ্যটি প্রচারিত হয় বলে লোকের মুখে মুখে অনুষ্ঠানটি "মহালয়া" নামেই পরিচিত হয়ে উঠেছে। যদিও রেডিওয় প্রথম "মহিষাসুরমর্দিনী" প্রচারিত হয়েছিল ১৯৩০ সালের ষষ্ঠীর দিন।

✤ "বোধন" শব্দটির অর্থ জাগরণ। দেবতাদের দিন-রাত্রি ধরা হয় বাৎসরিক ঋতু অনুযায়ী। মাঘ থেকে আষাঢ়, এই ছয় মাস পূরাণ মতে শীত, বসন্ত ও গ্রীষ্ম ঋতু মিলে উত্তরায়ণ দেবতাদের দিন। বাকি ছমাসের বর্ষা, শরৎ ও হেমন্ত ঋতু-দক্ষিণায়ন, দেবতাদের রাত্রি। তাই শরৎকালে অর্থাৎ অকাল পুজো হওয়ার কারণে শরদীয় পুজো অকালবোধন নামে খ্যাত।


সরকারী নথিতে
নামের বানান ভুল নেই তো?
এফিডেভিট | সংবাদপত্রে ঘোষণা প্রকাশ | গ্যাজেট নোটিফিকেশন
আইনি পরামর্শ ও সহযোগিতা > মাস মিডিয়া 9233 44 45 46



# দিশারী হেলথ্ পয়েন্ট ও দিশারী পলিক্লিনিক-এর
## আউটডোর চিকিৎসকদের তালিকা

PATIENT SAFETY & QUALITY OF CARE — NABH — PRE ACCREDITED — MC-2356 — ISO 9001:2015 — IAF MEMBER OF MULTILATERAL RECOGNITION ARRANGEMENT — IAS ACCREDITED MSCB 118

| আউটডোর চিকিৎসকদের তালিকা | দিশারী হেলথ্ পয়েন্ট | দিশারী পলিক্লিনিক |
|---|---|---|
| **হৃদরোগ বিশেষজ্ঞ (কার্ডিওলজি)** | | |
| ডাঃ সিদ্ধার্থ ব্যানার্জী, ডি.এম. (কার্ডিও) | ১ম ও ৩য় বৃহস্পতি | — |
| ডাঃ সুশীল কুমার, এম.বি.বি.এস., ডিপ্লোমা ইন ক্লিনিক্যাল কার্ডিওলজি | প্রতি রবিবার | — |
| ডাঃ শেখর দাস, এম.বি.বি.এস., এম.ডি. (মেডি.) (ডিপ্লোমা ইন ক্লিনিক্যাল কার্ডিওলজি) | সোম থেকে শনি | — |
| ডাঃ অরিন্দম বসাক, এম.বি.বি.এস., পি.জি.ডি.সি.সি. (কার্ডিও) | — | অনুমত্যনুসারে সাক্ষাৎ |
| **ক্রিটিক্যাল কেয়ার স্পেশালিস্ট** | | |
| ডাঃ তাপস চক্রবর্তী, এম.ডি. (অ্যানাস্থেসিওলজি) | — | প্রতিদিন |
| ডাঃ ঋক সান্যাল, ডি.পি.এম., এম.ডি. (ট্রপিকাল মেডিসিন) | প্রতিদিন | — |
| **হেপাটোলজি** | | |
| ডাঃ মহঃ আবদুল্লা হাসান, ডি.এম. (হেপাটোলজি) | বৃহঃ, শুক্র শনি | — |
| **প্লাস্টিক সার্জারী** | | |
| ডাঃ দীপঙ্কর রায়, এম.বি.বি.এস., এম.এস. (জেনা. সার্জারী), এম.সি.এইচ. (প্লাস্টিক সার্জারী) | মঙ্গল ও বুধ | — |
| **নাক, কান, গলা বিশেষজ্ঞ (ইএনটি)** | | |
| ডাঃ শুভজিৎ সরকার, এম.এস., ই.এন.টি. | — | সোম থেকে শনি প্রত্যেক সপ্তাহ বৃহঃ ও শুক্র বাদে |
| ডাঃ কৌসর আহমেদ, এম.বি.বি.এস., এম.এস. (ই.এন.টি.) | — | |
| **লিভার ও পেটের রোগ বিশেষজ্ঞ (গ্যাসট্রোএনটেরলজি)** | | |
| প্রফেঃ (ডাঃ) ক্ষৌণিশ দাস, এম.ডি., ডি.এম. (গ্যাসট্রো) | ২য় ও ৪র্থ রবি | — |
| ডাঃ এস. বরণ দাসচক্রবর্তী, এম.ডি., ডি.এম. (গ্যাসট্রো) | ১ম ও ৩য় রবি | — |
| ডাঃ নিরাজ আগরওয়ালা, ডি.এম. (গ্যাসট্রো) | সোম থেকে শুক্র | — |
| ডাঃ চয়ন কুমার রায়, এম.ডি. (মেডি.), ডি.এন.বি. (গ্যাসট্রো) | — | ২য় ও ৪র্থ বৃহস্পতি |
| ডাঃ সৌমিক ঘোষ, এম.ডি., পি.এইচ.ডি. (ডব্লুবিইউএইচএস) | — | মাসে তিনদিন |
| ডাঃ সুদীপ আড্ডি, এম.বি.বি.এস., ডি.টি.এম.এইচ. (গ্যাসট্রোএনটেরলজিস্ট) ও গ্যাসট্রো-ইনটেসটিনাল এন্ডোস্কোপিস্ট) | — | ১ম বৃহস্পতিবার |
| **স্ত্রী ও প্রসূতি রোগ (গাইনোকলজি)** | | |
| ডাঃ এস. এন. শর্মা, ডি.জি.ও., এম.ডি. | সোম থেকে বৃহস্পতি | — |
| **ল্যাপরোস্কপি ও জেনারেল সার্জারি** | | |
| ডাঃ এম. প্রামানিক, এম.এস. (এ.আই.আই.এম.এস.) | প্রতিদিন | — |
| ডাঃ এ. এ. আবু আহমেদ, এম.এস. (জেনারেল সার্জারী) | — | সোম থেকে শুক্র ও রবি |
| ডাঃ রাজা বসাক, এম.এস. (জেনারেল সার্জারী) | — | সোম থেকে বুধ, শনি ও রবি |
| **জি. আই. সার্জারী** | | |
| ডাঃ তুহীন শুভ্র মন্ডল, এম.এস., এম.সি.এইচ. (এ.আই.আই.এম.এস.) | প্রথম ও তৃতীয় রবিবার | — |

| আউটডোর চিকিৎসকদের তালিকা | দিশারী হেলথ্ পয়েন্ট | দিশারী পলিক্লিনিক |
|---|---|---|
| **ক্যানসার বিশেষজ্ঞ (মেডিক্যাল অনকোলজি)** | | |
| ডাঃ কাজী সাজ্জাদ মনির, এম.ডি., ডি.এন.বি. (আর.টি.) | মাসে একদিন | — |
| ডাঃ অর্ণব অধিকারী, এম.ডি. (আর.টি.) | মাসে তিনদিন | — |
| ডাঃ তন্ময় বসাক, এম.ডি. (রেডিয়েশন অনকোলজি) | বুধ ও বৃহঃ | — |
| **কিডনি সংক্রান্ত রোগ (নেফ্রোলজি)** | | |
| ডাঃ বিস্ময় কুমার, এম.ডি., ডি.এম. (নেফ্রো) | মাসে একদিন | — |
| **কার্ডিও ভাসকুলার এবং থোরাসিক সার্জারী** | | |
| ডাঃ জাভিদ ভেকার সাদিক, এম.বি.বি.এস., ডি.টি.এম.এন্ডএইচ., ডি.সি.এইচ., এম.এস., এম.সিএইচ. (সিটিভিএস), কনসালটেন্ট কার্ডিও ভাসকুলার এবং থোরাসিক সার্জারী | মাসে একদিন | — |
| **স্নায়ু রোগ বিশেষজ্ঞ (নিউরো মেডিসিন)** | | |
| ডাঃ সিদ্ধার্থ শঙ্কর আনন্দ, এম.ডি., ডি.এম. (নিউরো মেডিসিন) | ৩য় রবিবার | — |
| ডাঃ পিনাকি মাইতি, ডি.এম. (নেউরো) মেডিসিন | — | ২য় রবিবার |
| ডাঃ সৌরভ হাজরা, এম.বি.বি.এস., এম.ডি., ডি.এম. (পিএইডি নেউরো) | মাসে একদিন | |
| **স্নায়ু ও মানসিক রোগ (নিউরো সাইকিয়াট্রি)** | | |
| ডাঃ রূপক কুমার সাহা, এম.বি.বি.এস. (কোল), এম.ডি., (সাইকিয়াট্রি) | মাসে একদিন | — |
| ডাঃ পি. কে. সাহা, এম.ডি. (নিউরো সাইকিয়াট্রি) | মাসে একদিন | — |
| ডাঃ অনিন্দ্য কুমার রায়, এম.ডি. (নিউরো সাইকিয়াট্রি) | — | ১ম বৃহস্পতিবার |
| ডাঃ সান্তারুল হক, এম.ডি. (সাইকিয়াট্রি) | — | প্রত্যেক মঙ্গলবার |
| **নিউরো সার্জারি** | | |
| ডাঃ সমির সাহা, এম.বি.বি.এস., এম.সি.এইচ. (নিউরো সার্জারী) | — | প্রতিদিন |
| ডাঃ ইন্দ্রজিৎ রানা, ডি.এন.বি. (সার্জারী), ডি.এন.বি. (নিউরো সার্জারী) | প্রত্যেক শুক্র | — |
| **চক্ষু রোগ বিশেষজ্ঞ (অফথালমোলজিস্ট)** | | |
| ডাঃ (মিসেস) সোনম প্রামাণিক (তলোয়ার), এম.এস. (অপ্থালমোলজিস্ট) | প্রতিদিন | — |
| **ফুসফুস এবং অ্যালার্জিজনিত শ্বাস-প্রশ্বাস সম্বন্ধীয়** | | |
| ডাঃ শৈবাল মৈত্র, এম.ডি. (রেস, মেড), এফ.সি.সি.পি. (ইউ.এস.এ.) | ৪র্থ রবিবার | — |
| ডাঃ সৌমিত্র সিনহা রায়, এম.ডি., ডি.টি.সি.ডি., এম.আর.সি.পি., এফ.সি.সি.পি., এফ.আর.সি.পি. | মাসে একদিন | — |
| **অস্থিরোগ ও শল্য চিকিৎসা (অর্থপেডিক)** | | |
| ডাঃ জি. জি. কর, এম.এস., (অর্থো) | মাসে দুইদিন | — |
| ডাঃ তাপস কুমার বনিক, এম.বি.বি.এস., ডি. (অর্থোপেডিক সার্জেন) | — | প্রতিদিন |
| ডাঃ সুভাশিষ রঞ্জন মিত্র, এম.এস. (অর্থো) | সোম ও মঙ্গল | — |
| **শিশু রোগ বিশেষজ্ঞ (চাইল্ড স্পেশালিস্ট)** | | |
| ডাঃ দীপান্বিতা সাহা, এম.বি.বি.এস., এম.ডি. (পেডিয়াট্রিকস) | — | সোম থেকে শনি |

| আউটডোর চিকিৎসকদের তালিকা | দিশারী হেলথ্ পয়েন্ট | দিশারী পলিক্লিনিক |
|---|---|---|
| **ফুসফুস বা শ্বাস-প্রশ্বাস সম্বন্ধীয় (রেসপিরেটরি মেডিসিন)** | | |
| ডাঃ মহঃ ইকবাল হাসান, এম.বি.বি.এস., এম.ডি. (রেস. মেড) | বুধ থেকে শনি | — |
| ডাঃ (শ্রীমতি) এস. উন্নিথান (রায়), এম.ডি. (রেস. মেড) | অনুমত্যনুসারে সাক্ষাৎ | — |
| **ফিজিসিয়ান** | | |
| ডাঃ মোহঃ জাহাঙ্গীর গাজী, এম.বি.বি.এস., এম.ডি. (ক্রিটিকাল কেয়ার ও মেডিসিন) | মঙ্গল থেকে শনি | অনুমত্যনুসারে সাক্ষাৎ |
| ডাঃ মধুরিমা সাহা, এম.বি.বি.এস., এম.ডি. (ক্রিটিকাল কেয়ার পেইন মেডিসিন) | বুধ থেকে শনি | — |
| ডাঃ কাকলি ঘোষ, এম.বি.বি.এস., এম.ডি. (মেডিসিন) | — | সোম থেকে শনি |
| ডাঃ সন্দীপ আগরওয়ালা, এম.বি.বি.এস., ফেলোসিপ ইন্ নেফ্রোলজি | প্রতিদিন | — |
| ডাঃ তাপস সরকার, এম.বি.বি.এস. | — | অনুমত্যনুসারে সাক্ষাৎ |
| ডাঃ মানালী সাহা, এম.ডি. | — | প্রতিদিন |
| ডাঃ জামিরুল ইসলাম, এম.ডি. (মেডিসিন) | — | অনুমত্যনুসারে সাক্ষাৎ |
| **বাত, ব্যথা (রিউম্যাটলজি)** | | |
| প্রফেঃ (ডাঃ) জে. রায়, এম.ডি., ডি.এন.বি. (রিউ) | — | ২য় রবি ও ৪র্থ শুক্র |
| **চর্ম রোগ বিশেষজ্ঞ (স্কিন স্পেশালিস্ট)** | | |
| ডাঃ বিথীকা লোধ, এম.ডি. (স্কিন) | — | সোম, বৃহঃ থেকে শনি |
| ডাঃ সুরভি শর্মা, এম.ডি. (স্কিন) | — | মাসে একদিন |
| **মূত্রথলী ও মূত্রনালী শল্য চিকিৎসা (ইউরোলজি)** | | |
| ডাঃ প্রসূন প্রামাণিক, এম.এস., এম.সি.এইচ. (ইউরো) | প্রতিদিন | — |
| **নিউট্রিশন (ডায়েট)** | | |
| শ্রীমতি পিয়ালী রায় লালা, বি.এস.সি., এম.এস.সি., ডায়াটেসিয়ান | প্রতিদিন | — |
| **ফিজিওথেরাপি** | | |
| ডাঃ আবরার আলম, (পি.টি.), এম.পি.টি. (অর্থো), চিরোপ্রাকটিস চিকিৎসা বিশেষজ্ঞ | — | বুধবার ও শনিবার |
| ডাঃ শুভদীপ বেরা, বি.পি.টি., এম.পি.টি. | — | সোম থেকে শনি |

**আমাদের ডায়াগনস্টিক সুবিধা ঃ—**

- প্যাথলজি ও মাইক্রোবায়োলজি ঃ হিস্টোপ্যাথলজি, সাইটোলজি, বোন - ম্যারো স্টাডি, ট্রেফাইন বায়োপসি সহ সমস্ত প্যাথলজিক্যাল ও মাইক্রোবায়োজিক্যাল পরীক্ষা।
- আল্ট্রাসাউন্ড এবং ইমেজিং ঃ **MRI 1.5 T with In-Bore facility, CT Scan, 4D** কালার ডপলার আল্ট্রা সোনোগ্রাফি, পেরিফেরাল ভাস্কুলার স্টাডি, **Digital** এক্স-রে।
- গ্যাস্ট্রোএন্টারোলজি ঃ এন্ডোস্কোপি, কোলোনোস্কপি (ডায়াগনস্টিক এবং থেরাপিউটিক), **ERCP** (ডায়াগনস্টিক এবং থেরাপিউটিক), **MRCP** এন্ডোস্কোপিক ভেরিসিয়াল লিগেশন (**EVL**), ফাইবার অপটিক ল্যারিঙ্গোস্কোপি (**FOL**), পলিপেক্টমি।
- কার্ডিওলজি ঃ কালার ডপলার স্টাডি সহ ইকো-কার্ডিওগ্রাফি, **ECG** (ডিজিটাল), **TMT** (ডিজিটাল), হোল্টার মনিটর (ডিজিটাল), ২৪ ঘন্টার ব্লাড প্রেসার মনিটরিং।
- ইউরোলজি ঃ ইউরোডাইনামিক স্টাডি, ইউরোফ্লোমেট্রি **Lithotripsy (Therapeutic)** ● নিউরোলজি ঃ **EEG, EMG** এবং **NCV** (সমস্ত অঙ্গ), **SSEP, VEP, BERA.** ● অ্যালার্জি ও হাঁপানি ঃ স্কিন অ্যান্ড ড্রাগ অ্যালার্জি, স্পাইরোমেট্রি।

দিশারী হেল্থ পয়েন্ট # 97340 99999 — দিশারী পলিক্লিনিক # 89006 222 22 — দিশারী হেল্থ পয়েন্ট # 97340 99999

Guide - [ 588 ]_Jaruree Guide 15-11-2025 22:06 Page 4




# NORTH POINT GROUP OF SCHOOLS

# NORTH POINT ENGLISH ACADEMY

*Celebrating 25 Years of Educational Excellence*

AFFILIATED TO C.I.S.C.E. NEW DELHI

Contact : 97359 66644 / 97337 33390

Admission Open for 2026 - 27

## NORTH POINT PUBLIC SCHOOL

FOLLOWING C.B.S.E. NEW DELHI

Contact : 98006 62525

## NORTH POINT PLAYSCHOOLS

PRENURSERY | NURSERY | LKG | UKG

LOCATED AT

| NO. 2 GOVT. COLONY | MANGALBARI | SUJAPUR | 8 MILE | GAZOLE | PAKUAHAT |
|---|---|---|---|---|---|
| 73849 23123 | 73194 36377 | 96790 47192 | 73194 76477 | 73195 36577 | 73847 52043 |

QUALITY EDUCATION @ AFFORDABLE FEE STRUCTURE

**Application form available from 1st December, 2025**

KEY FEATURES

- New Concept English Medium Co-educational Environment
- Child Friendly & Digitally Equipped AC Classrooms
- AC Playzone with Age Appropriate Play Materials
- CCTV Surveillance and Strong Security System
- Well Qualified Teaching Faculty & Care Givers
- Strong Parent - Teacher Interactive Support